

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৫.৮০৫২

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি


বিষয়: বাঘাবাড়ী ঘাট হতে বরগুনা জেলার বামনা এলএসডিতে জারিকৃত সূচির অপরিবাহিত ৬০০ মে.টন সিন্ধাল উন্মুক্তকরণ
বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ দপ্তরের ১৫-০৯-২০২৫ খ্রি. এর ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৩৯৬৭ নং
স্মারকে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে বরগুনা জেলার বামনা এলএসডিতে মেসার্স এস,এম আকবর হোসেন (ডিবিসিসি খুলনা-বরিশাল) রুটে ৬০০ মে.টন
বোরো'২৫ সিঙ্ক চালের উপসূচি জারি করা হয়।

০২। মেসার্স এস, এম, আকবর হোসেন এর পক্ষে সেলিমা আক্তার ০৭-১০-২০২৫ খ্রি. আবেদনে উল্লেখ করা হয়েছে, মেসার্স এস,এম আকবর হোসেন,
মালিক : এসএম আকবর হোসেন গত ০১-১০-২০২৫ খ্রি. ইন্টেকাল করেছেন। মেসার্স এস,এম আকবর হোসেন মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিবিসিসি
খুলনা-বরিশাল রুটে সূচি স্থগিত/বন্ধ রাখার জন্য বিনীত ভাবে অনুরোধ জানিয়েছে।

০৩। বরগুনা জেলার বামনা এলএসডিতে খাদ্যবান্ধবসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য বাঘাবাড়ী ঘাটে উল্লিখিত সূচির
অপরিবাহিত ৬০০ মে.টন সিন্ধাল উন্মুক্ত করা হলো। বামনা এলএসডিতে বিভিন্ন খাতে জরুরি বিলি-বিতরণের স্বার্থে আগে
আসলে আগে পরিবহণ করবেন ভিত্তিতে কিংবা বাঘাবাড়ী ঘাটে বোরাইয়ের অপেক্ষায় অবস্থানরত জাহাজের ধারণক্ষমতা
বিবেচনা করে উন্মুক্ত সূচির চাল দ্রুত পরিবহণের ব্যবস্থা করবেন। মেজর ক্যারিয়ার, খুলনা/ডিবিসিসি (খ-ব) নৌ ঠিকাদারগণ
এই উন্মুক্ত সূচি বাস্তবায়নে অংশগ্রহণ করতে পারবেন। জারিকৃত সূচির পরিবহণের সকল শর্ত ও নির্দেশনাবলি অপরিবর্তিত
থাকবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ প্লেসমেন্টকৃত জাহাজের তথ্য ১২-১০-২০২৫ খ্রি.
মধ্যে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১২-১০-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঝা
উপপরিচালক

. ।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/বরিশাল।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা
হলো।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাবাড়ী এলএসডি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৬। খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার যশোর রোড (৫ম
তলা), খুলনা।

